কালীগঞ্জে নবগঠিত ছাত্রদলের নেতৃবৃন্দের তাতী দলের শুভেছা

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়বাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহবায়ক কমিটির নেতৃবৃন্দের তাতীদলের পক্ষ থেকে ফুলল শুভছা জানানা হয়েছে।

গত শুক্রবার সকাল শহরের দলীয় কার্যালয় জাতীয়তা বাদী স্বেছাসবক দলর পক্ষ থক নবগঠিত কমিটির নেতৃবৃন্দের ফুলল শুভেছা জানানো হয়েছে। নবগঠিত কমিটির উপজলা শাখার আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মসুম উদ্দিন শোভন, পর শাখার আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, মাহতাব উদ্দিন কলেজ শাখার সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলামসহ উপজেলা ছাত্রদলর যুগ্ম আহবায়ক আসাদুল ইসলাম, আলাউদ্দিন, শাহাদৎ হোসন রিওন, তারেকুর রহমান টিপু, মেহেদী হাসান হিরণ, পৌর শাখার যুগ্ম আহবায়ক ইসরাফিল হোসেন জুয়ল, মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইভন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমদ।

কলেজ ছাত্রদলের যুগ্ম আহবায়ক আল আমিন, হারুন উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভজ, খালেদ সাইফুল্লাহ শাওন, উপজলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুনা, সাব্বির হাসান, গাজী তরিকুল, জুয়ল মিয়া, রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য মাসুম মন্ডল, তারিক মাহমুদ, সাকিবুল হাসান, মাহফুজ পারভেজ সহ বিপুল সংখ্যক নেতাকর্মীকে ফুলেল শুভেছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজলা স্বেছাসবক দলের সভাপতি তোফাজ্জল হোসেন তপন, স্বেছাসেবক দলের নেতা বুলবুল আহমদ, সোহল রানা, জাহাঙ্গীর আলম, আলমগীর হোসেন, শহীদুল ইসলাম হিরু, দেলায়ার হোসেন,এ স এম মাসুম পারভেজ, তরিকুল ইসলাম, হাসানুজ্জামান লিসান, এরশাদ হাসন সানা, সরোয়ার হোসেন, সাহেব আলী, সোহাগ হাসন, শাহ আলম, শহিদুল ইসলাম প্রমুখ।

প্রতিবাদের মাঝেও ধর্ষণের শিকার ৬ শিশুসহ ১৪ জন

ধর্ষণের বিরুদ্ধে দেশজুড়ে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ হচ্ছে। দাবি উঠেছে ধর্ষকের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের। সরকারও এ বিষয়ে আইন করার কথা ভাবছে। এর মধ্যেও বিভিন্ন স্থান থেকে ছয় শিশুসহ ১৪ জনকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। যশোর ও চট্টগ্রামে দুজনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে গত বৃহস্পতিবার রাতে। অন্য নির্যাতিতদের মধ্যে দুজন অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে। সন্তানের পিতৃত্বের দাবিতে পুলিশ ও জনপ্রতিনিধিদের দুয়ারে দুয়ারে ঘুরছেন এক নারী।

সাভার ও আশুলিয়ায় চার শিশু ও এক নারীকে ধর্ষণ, গ্রেপ্তার ৭
ঢাকার সাভার ও আশুলিয়ায় পৃথক স্থানে চারটি শিশু ও এক গৃহবধূ ধর্ষণের শিকার হওয়ার অভিযোগ পাওয়া গেছে। এর মধ্যে আশুলিয়ায় গত ৬ অক্টোবর তিন শিশুকে ধর্ষণের অভিযোগে হেলাল উদ্দিন শেখ (৫৭) নামের এক ব্যক্তিকে, আশুলিয়ায় এক গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে পাঁচজনকে এবং সাভারের নামা গেণ্ডায় ১২ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে জিয়ারুল নামের এক ব্যক্তিকে বৃহস্পতিবার রাতে আটক করেছে পুলিশ।

ভুক্তভোগী পরিবারের বরাতে আশুলিয়া থানার উপপরিদর্শক জয়ন্ত কুমার সাহা জানান, আশুলিয়ার তৈয়বপুরের উত্তর মোল্লাপাড়ায় বাড়িওয়ালা হেলাল উদ্দিন শেখ ময়মনসিংহের গফরগাঁওয়ের ছয়ানী রসুলপুর গ্রামের মৃত ফয়েজ উদ্দিনের ছেলে। তৈয়বপুরে তাঁর বসবাস। গত ৬ অক্টোবর তিনি এক শ্রমিক দম্পতির দুই মেয়েশিশু ও আরেক শিশুকে মজাদার খাবার কিনে দেওয়ার কথা বলে তাঁর ঘরে ডেকে নিয়ে ধর্ষণ করেন। পরে হেলাল ভয়ভীতি দেখিয়ে ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চালান।

আশুলিয়ায় গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে আটককৃতরা হলেন রাজশাহীর রাজপাড়া থানার শ্রীরামপুর গ্রামের মোহাম্মদ শেখের ছেলে সাইফুল ইসলাম (১৮), আশুলিয়ার রুস্তমপুরের কৃষ্ণ সাহার ছেলে পাপ্পু সাহা (১৯), একই এলাকার মনোরঞ্জন সাহার ছেলে মিলন (২২), সনাতন সাহার ছেলে জ্যোতির্ময় সাহা (১৯) এবং অদম সরকারের ছেলে অন্তর (২০)।

বাসায় চলে যাই। সকালে সুমন রাতের বিষয়ে কথা বলবে বলে বাসায় পুলিশ নিয়ে আসে। এরপর পুলিশ এসে আমাকে ধরে নিয়ে যায়।’

তবে বিজয় বসাক বলেন, ‘আমরা নিশ্চিত হয়েই তাদের গ্রেপ্তার করেছি। ভিকটিম মহিলাকে আমরা ছবিগুলো দেখিয়েছি।’

বাসে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ
যশোর সদর উপজেলার বকচর এলাকায় বৃহস্পতিবার রাতে এমকে পরিবহনের একটি যাত্রীবাহী বাসে এক তরুণী যাত্রীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় অভিযুক্ত মনিরকে আটক করা হয়েছে। একইসঙ্গে পাঁচ পরিবহন শ্রমিককে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায় পুলিশ। পুলিশ বলছে, এটি সংঘবদ্ধ ধর্ষণের ঘটনা নয়। তবে বাসটি জব্দ ও ভুক্তভোগী তরুণীকে উদ্ধার করেছে পুলিশ।

তরুণী সাংবাদিকদের জানান, বৃহস্পতিবার বিকেলে রাজশাহী থেকে যশোরে আসার উদ্দেশে তিনি বাসে ওঠেন। এরপর ঘুমিয়ে পড়েন। পরে তাঁকে বাসে তিনজন ধর্ষণ করেন।

নলছিটিতে অপহরণের পর ধর্ষণের অভিযোগ
ঝালকাঠির নলছিটিতে এক তরুণীকে অপহরণের পর ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় বৃহস্পতিবার রাতে পাঁচ যুবকের নামে মামলা করেছেন মেয়েটির মা। পুলিশ জানায়, নলছিটি শহরের ফেরিঘাট এলাকার নাসির হাওলাদারের ছেলে হাসান হাওলাদারের সঙ্গে ওই তরুণীর প্রেমের সম্পর্ক ছিল। গত বুধবার সন্ধ্যায় হাসানের কথায় মেয়েটি দেখা করতে বাসার সামনে বের হন। তখন হাসান তাঁকে জোর করে কপালবেড়া গ্রামে আত্মীয় জনি সিকদারের বাড়িতে নিয়ে ধর্ষণ করেন। এতে সহযোগিতা করেন জনি সিকদার, রাব্বি, নাঈম ফকির ও সাব্বির।

বন্ধুকে দিয়ে স্ত্রীকে ধর্ষণ! স্বামী গ্রেপ্তার
জামালপুরের বকশীগঞ্জের নিলাক্ষিয়া ইউনিয়নের বিনোদের চর গ্রামে গত বুধবার রাতে বন্ধুকে দিয়ে নিজের স্ত্রীকে ধর্ষণের অভিযোগে করা মামলার আসামিকে গতকাল গ্রেপ্তার করেছে পুলিশ। প্রধান আসামি গ্রেপ্তারকৃতের বন্ধু মোশারফ পলাতক। ভুক্তভোগী বৃহস্পতিবার রাতে বকশীগঞ্জ থানায় মামলাটি করেন।

সিপতার বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ
টাঙ্গাইলের ঘাটাইলের হামিদপুরে গত ৬ অক্টোবর রাতে এক মাদরাসা শিক্ষার্থী কিশোরীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে সিপতার বিরুদ্ধে। এ ঘটনায় কিশোরীর মা গত বৃহস্পতিবার ঘাটাইল থানায়

মামলা করেছেন। ভুক্তভোগী আদালতে ২২ ধারায় জবানবন্দি দিয়েছে।

ভগ্নিপতির ধর্ষণে অন্তঃসত্ত্বা
ময়মনসিংহের ভালুকা উপজেলার ধীতপুর ইউনিয়নে দুলাভাইয়ের ধর্ষণে পঞ্চম শ্রেণির এক ছাত্রী অন্তঃসত্ত্বা হয়ে পড়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় গত বৃহস্পতিবার মেয়েটির বোন অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে ভালুকা মডেল থানায় মামলা করেছেন। পরে অভিযুক্তকে গ্রেপ্তার করে আদালতে পাঠিয়েছে পুলিশ। তাঁর বাড়ি ঈশ্বগঞ্জের রাজিবপুর ইউনিয়নের বিঘাগ্রা গ্রামে।

আ. লীগ নেতাসহ গ্রেপ্তার ৪
প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের মামলায় আসামি গোলজার হোসেন নামে এক আওয়ামী লীগ নেতাকে বুধবার রাতে গ্রেপ্তার করেছে পাবনার চাটমোহর থানা পুলিশ। গোলজার নাটোরের বড়াইগ্রাম উপজেলার জোনাইল ইউনিয়নের নাজিরপুর গ্রামের মোতালেব হোসেনের ছেলে ও জোনাইল ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। অন্যদিকে রাজশাহীর বাঘায় বিয়ের প্রতিশ্রুতি দিয়ে গৃহবধূকে ধর্ষণ মামলার আসামি বাদশা আলমকে বৃহস্পতিবার রাতে বাগাতীপাড়া থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। অন্তঃসত্ত্বা ওই নারী এ ঘটনায় গত ২৯ সেপ্টেম্বর বাঘা থানায় ধর্ষণ মামলা করেন।

নোয়াখালীর হাতিয়া উপজেলায় এক নারীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণের অভিযোগে গতকাল এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। এদিনই ভুক্তভোগী নারী হাতিয়া থানায় মামলা করেন। গ্রেপ্তার ইউছুফ ডুবাই উপজেলার হরনী ইউনিয়নের আনিস মিয়ার ছেলে।

পৃথক ঘটনায় ফেনীর সোনাগাজীতে স্কুলছাত্রীকে গত ১ অক্টোবর ধর্ষণের অভিযোগে বৃহস্পতিবার রাতে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার তমিজ উদ্দিন মতিগঞ্জ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

সন্তানের পিতৃত্বের দাবিতে কাঁদছেন মা!
কুড়িগ্রামের রাজীবপুরে এক নারী (২০) তাঁর এক মাস বয়সী সন্তানের পিতৃত্বের দাবিতে থানার পুলিশ, চেয়ারম্যান ও সমাজের মাতাবরদের দ্বারে দ্বারে ঘুরছেন। গত ১ জুন থানায় মামলা করেও সরকারি দলের প্রভাব ও অর্থের কাছে হার মানতে হচ্ছে—এমন আশঙ্কা করে গতকাল সাংবাদিকদের কাছে এসে কান্নায় ভেঙে পড়েন তিনি। এ ঘটনায় অভিযুক্ত সিরাজদ্দৌলা (৪৭) রাজীবপুর সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক

সভাপতি, বড়াইডাঙ্গি গ্রামের বাসিন্দা ও সার ব্যবসায়ী। ভুক্তভোগীর অভিযোগ, তিনি সিরাজদ্দৌলার বাড়িতে কাজ করার সময় তাঁর ধর্ষণে অন্তঃসত্ত্বা হয়ে পড়েন। এক মাস আগে তিনি সন্তান জন্ম দেন। সিরাজদ্দৌলা গত মঙ্গলবার আদালত থেকে জামিনে এসে নির্যাতিত পরিবারটিকে মামলা তুলে মীমাংসার জন্য চাপ দিচ্ছেন বলে জানা গেছে।

তবে সিরাজদ্দৌলা বলেন, ‘প্রতিবেশীদের সঙ্গে জমি নিয়ে বিরোধ ছাড়াও রাজনৈতিক প্রতিপক্ষরা মেয়েটিকে দিয়ে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছে।’

রাজীবপুর থানার ওসি বলেন, তদন্ত কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। অভিযোগের সত্যতা পাওয়া গেছে। সূত্র- কালের কন্ঠ

পদ্মা সেতুর ৩২তম স্প্যান বসছে আজ

দীর্ঘ চার মাস পরে আজ শনিবার পদ্মা সেতুর ৩২তম স্প্যান বসছে। সবকিছু অনুকূলে থাকলে ‘১বি’ নামের এই স্প্যানটি বসানো হবে মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তের পদ্মা সেতুর ৪ ও ৫ নাম্বার পিলারের উপর।

এটি বসানো হলে পদ্মা সেতুর দৈর্ঘ্য দাঁড়াবে ৪ হাজার ৮০০ মিটার বা প্রায় ৫ কিলোমিটার।

গত আগস্ট-সেপ্টেম্বর মাসে ৫টি স্প্যান খুঁটির ওপর বসানোর লক্ষ্য ছিল। তবে মাওয়া প্রান্তের মূল পদ্মায় প্রচণ্ড স্রোত থাকায় একটি স্প্যানও বসানো সম্ভব হয়নি। এখন পদ্মায় বন্যার পানি কমে যাওয়ার সঙ্গে সঙ্গে স্রোতের তীব্রতাও স্বাভাবিক গতিতে ফিরেছে। ফলে পদ্মা সেতুর নির্মাণ কাজেও গতি ফিরেছে।

৬ দশমিক ১৫ কিলোমিটার দৈর্ঘ্যের দ্বিতল পদ্মা সেতুতে মোট ৪২টি খুঁটি নির্মাণ করা হচ্ছে। এর মধ্যে মাওয়া প্রান্তে ২১টি ও জাজিরা প্রান্তে ২১টি। আর ৪২টি খুঁটির ওপর বসবে ৪১টি স্প্যান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]!

[redacted]

এ বিষয়ে মন্তব্য জানতে চাইলে ইভানকা ট্রাম্পের কার্যালয় ট্রাম্পের প্রচার দলের সঙ্গে কথা বলা অনুরোধ করে সিএনএনকে। আর ট্রাম্পের প্রচার দলের মুখপাত্র টিম মারটাগ পুরো বিষয়টিকেই ‘ভুয়া’ আখ্যা দিয়ে উড়িয়ে দেন।

সূত্র- বিডি প্রতিদিন

চাঞ্চল্যকর রিফাত হত্যা মামলার রায় আজ, সেদিন কী ঘটেছিল বরগুনায়?

চাঞ্চল্যকর রিফাত শরীফ হত্যা মামলায় প্রাপ্তবয়স্ক ১০ আসামির রায় ঘোষণা হবে আজ বুধবার। বরগুনার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক আছাদুজ্জামান এ রায় ঘোষণা করবেন।

প্রাপ্তবয়স্ক এই আসামিদের পক্ষে-বিপক্ষে যুক্তিতর্ক উপস্থাপন শেষে গত ১৬ সেপ্টেম্বর রায়ের জন্য এ দিন নির্ধারণ করেন।

এছাড়া এ মামলার অপ্রাপ্তবয়স্ক অন্য ১৪ আসামির বিরুদ্ধেও সাক্ষ্যগ্রহণ ও যুক্তিতর্ক উপস্থাপন শেষ হয়েছে। গতকাল মঙ্গলবার বরগুনা নারী ও শিশু আদালতে এই সাক্ষ্যগ্রহণ ও যুক্তিতর্ক শেষ হয়। যেকোনও দিন রায়ের তারিখ নির্ধারণ করতে পারেন আদালত।
সেদিন কী ঘটেছিল বরগুনায়?

চাঞ্চল্যকর এ ঘটনাটি ঘটে ২০১৯ সালের ২৬ জুন। ওই দিন সকালটি আর ১০টি সকালের মতোই শুরু হয়েছিল রিফাত শরীফের। কিন্তু সেই সকালটি হয় তার জীবনের শেষ সকাল। বরগুনা সরকারি কলেজের সামনে হঠাৎ কিশোর গ্যাং বন্ড বাহিনীর হামলার শিকার হন রিফাত। এ সময় তার সঙ্গে ছিলেন স্ত্রী আয়শা সিদ্দিকা মিন্নি।

কিন্তু বর্বরচিত এই হত্যাকাণ্ড সারাদেশকে নাড়িয়ে দিয়েছিল। কিশোর গ্যাং বন্ড বাহিনী প্রকাশ্যে রিফাতকে কুপিয়ে গুরুতর জখম করে। চিকিৎসাধীন অবস্থায় ওই দিন বিকালেই বরিশাল শের-ই-বাংলা মেডিকেল

কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন তিনি।

যেভাবে খুন হন রিফাত

বুধবার, ২৬ জুন সকালে বরগুনা সরকারি কলেজে যান রিফাতের স্ত্রী মিন্নি। পরে স্ত্রীকে তাকে আনতে কলেজে তিনি। মিন্নিকে সঙ্গে নিয়ে কলেজ থেকে বের হচ্ছিলেন রিফাত। কলেজের গেটে ওঁৎ পেতে থাকা কিছু সন্ত্রাসী রিফাতকে কলেজ গেট থেকে টেনে নিয়ে নয়ন বন্ড ও তার সাঙ্গপাঙ্গদের কাছে নিয়ে যায়। তারা রিফাতের ওপর আক্রমণ করে। হঠাৎ নয়ন বন্ড দৌঁড়ে গিয়ে একটি রামদা নিয়ে আসে। এরপর সেটি দিয়ে উপর্যুপরি কোপাতে থাকে রিফাতকে। এসময় মিন্নি অনেক চেষ্টা করেও ফেরাতে পারেনি হামলাকারীদের। পরে একটি রিকশায় করে হাসপাতালে নেওয়া হয় রিফাতকে। দূর থেকে এই দৃশ্য কে বা কারা ভিডিও করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দিলে মুহূর্তেই তা ভাইরাল হয়ে যায়। নয়নের কোপানোর দৃশ্য দেখলে যে কেউ আঁতকে উঠবেন।

কে এই নয়ন বন্ড?

স্থানীয় ও পুলিশ সূত্রের তথ্যমতে, পৌর শহরের বিকেবি রোডের শহরের ধানসিঁড়ি এলাকার আবু বক্কর সিদ্দিকির ছেলে সাব্বির হোসেন নয়ন। তিনি ছিলেন মাদকাসক্ত। শুধু তাই নয়, রিফাত হত্যা মামলার প্রধান আসামি নয়ন বন্ড ছিলেন অপরাধ জগতের পরিচিত মুখ। পরে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হন।

এই নয়নের কারণে এলাকার মানুষ অতিষ্ঠ ছিল। ‘কচু গাছ কাটতে কাটতে ডাকাত’ বনে যাওয়ার মতো ছিঁচকে চুরি আর ছিনতাইয়ের মধ্য দিয়ে শীর্ষ সন্ত্রাসীতে পরিণত হয় বরগুনার সাব্বির হোসেন নয়ন।

দলীয় কোনও পদ-পদবি না থাকলেও সরকারি দলের ছত্রছায়ায় থেকে ছিঁচকে চোর থেকে বরগুনার শীর্ষ সন্ত্রাসী ও মাদক ব্যবসায়ীতে পরিণত হয় সে। মাদক বিক্রির পাশাপাশি পৌর শহরের বিকেবি রোডের ধানসিঁড়ি এলাকার নিজ বাসায় মাদকসেবীদের মাদক সেবনের সুযোগও করে দিত নয়ন। সুবিধা পাওয়ায় মাদকসেবীরাও ভিড়ত তার কাছে। এভাবে ধীরে ধীরে বরগুনা শহরের মাদকের ডন বনে যায় সে। নিজের বাসা মাদকের আখড়ায় পরিণত করে নয়ন।

সূত্র- বিডি প্রতিদিন

মিন্নির মৃত্যুদণ্ড না হলেও যেন যাবজ্জীবন হয়: রিফাতের বাবা

বরগুনার আলোচিত রিফাত শরীফ হত্যা মামলার প্রাপ্তবয়স্ক ১০ আসামির রায় কিছুক্ষণের মধ্যে ঘোষণা করবেন আদালত। এরই মধ্যে এ মামলার একমাত্র জামিনপ্রাপ্ত আসামি আয়েশা সিদ্দিকা মিন্নি আদালতে হাজির হয়েছেন। আদালতে পৌঁছেছেন রিফাত শরীফের পরিবারও।

রিফাতের বাবা আবদুল হালিম দুলাল শরীফ বাংলাদেশ প্রতিদিনকে বলেছেন, রিফাত শরীফ হত্যা মামলার রায়ে সব আসামির যেন সর্বোচ্চ শাস্তি হয়। মিন্নির মৃত্যুদণ্ড না হলেও যেন যাবজ্জীবন হয়। আজ বুধবার সকালে আদালত প্রাঙ্গণ থেকে তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, ’আমি চাইবো যারা প্রকৃত দোষী তাদের যেন আদালত সর্বোচ্চ শাস্তির রায় দেন আর যারা নির্দোষ তারা যেন নায্য বিচার পায়। ওই ছেলেগুলো (রিফাত হত্যা মামলার আসামি) এখনো উঠতি বয়সী। আজ তাদের পরিবারগুলো ধ্বংসের মুখে। আমি তো ছেলে হারিয়েছি, তারাও ধ্বংসের মুখে পড়েছে। শুধু মিন্নির প্ররোচনায় এমন ঘটনা ঘটেছে।
‘

তবে আসামিদের মধ্যে মিন্নি বেকসুর খালাস পাবেন বলে আশা করছেন তার আইনজীবী মাহবুবুল বারী। তিনি গণমাধ্যমকে বলেন, আমার দৃঢ় বিশ্বাস মিন্নি আদালতের রায়ে বেকসুর খালাস পাবে। মিন্নি তার স্বামী রিফাত শরীফকে সেদিন রক্ষা করার জন্য আপ্রাণ চেষ্টা করেছে, যা ভাইরাল হওয়া ভিডিও প্রমাণ। শুধু তাই নয়, আহত রিফাত শরীফকে রিকশায় করে হাসপাতালে নিয়ে যায়।

এদিকে, এ মামলার রায়ে রিফাতের স্ত্রী আয়েশা সিদ্দিকা মিন্নি বেকসুর খালাস পাবে বলে প্রত্যাশা তার বাবা মো. মোজাম্মেল হোসেন কিশোরের। মিন্নির বাবা মোজাম্মেল হোসেন কিশোর বলেন, আমরা আসলেই হয়রানির শিকার। জীবন বাজি রেখে মিন্নি তার স্বামীকে

বাঁচানোর আপ্রাণ চেষ্টা করে ব্যর্থ হলো। অথচ মিন্নি প্রধান সাক্ষী থেকে এখন আসামির কাঠগড়ায়, এটা অত্যন্ত দুঃখজনক।

সূত্র- বিডি-প্রতিদিন

জাহালমের ক্ষতিপূরণের রায় পিছিয়ে বুধবার

দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় ভুল আসামি হয়ে ২৬ মামলায় প্রায় তিন বছর কারাভোগ করা পাটকল শ্রমিক জাহালমকে ক্ষতিপূরণ দেয়ার বিষয়ে রায় ঘোষণার জন্য বুধবার নির্ধারণ করেছেন আদালত।

মঙ্গলবার বিচারপতি এফআরএম নাজমুল আহাসান ও বিচারপতি কেএম কামরুল কাদেরের ভার্চ্যুয়াল হাইকোর্ট বেঞ্চ এ দিন ধার্য করেন।

আদালতে দুদকের পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী খুরশীদ আলম খান। ব্র্যাক ব্যাংকের পক্ষে মামলার শুনানিতে অংশ নেন আইনজীবী আনিসুল হাসন। সোনালী ব্যাংকের পক্ষে ছিলেন আইনজীবী শেখ জাকির হোসেন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার আব্দুল্লাহ আল মাহমুদ বাশার।

আজ কার্যতালিকায় এটি রায়ের জন্য ছিল। কিন্তু এ দিন দুদক, সোনালী ব্যাংক ও ব্র্যাক ব্যাংক নিজেদের পক্ষে শুনানি করেন। এরপর আদালত রায়ের জন্য বুধবার দুপুর দুইটায় সময় নির্ধারণ করেন।

গত বুধবার (২৩ সেপ্টেম্বর) হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চ থেকে ২৯ সেপ্টেম্বর রায়ের জন্য দিন ঠিক করেন। চলতি বছরের ১২ ফেব্রুয়ারি জাহালমের ক্ষতিপূরণ প্রশ্নে রুলের শুনানি শেষে যেকোনো দিন রায় ঘোষণা করবেন বলে অপেক্ষমাণ (সিএভি) রাখেন আদালত।

সূত্র- বিডি-প্রতিদিন

বৃহস্পতিবার থেকে বৃষ্টিপাত বাড়ার সম্ভাবনা

ফের বৃষ্টিপাত বাড়ার সম্ভাবনার কথা জানাল আবহাওয়া অধিদফতর। মঙ্গলবার দেশের ৮ অঞ্চলে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে বৃহস্পতিবার থেকে তা বাড়তে পারে।

মঙ্গলবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়।

আবহাওয়া অধিদফতর জানিয়েছে, এদিন চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু’এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রবৃষ্টি হতে পারে।
সেই সঙ্গে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে।

সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৪৮ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

এমনকি আগামী পাঁচ দিনের আবহাওয়ার উল্লেখযোগ্য পরিবর্তন হবে না বলেও পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

এবার চাল নিয়ে দ্বন্দ্বে ভারত-পাকিস্তান

চিরশক্র হিসেবে পরিচিত ভারত ও পাকিস্তান। সীমান্ত উত্তেজনা তো রয়েছেই, ক্রীড়াসহ বিভিন্ন ইস্যুতেই দ্বন্দ্বে জড়িয়ে পড়ে এই দুই প্রতিবেশী।

এবার চাল নিয়ে দ্বন্দ্বে জড়াল ভারত ও পাকিস্তান। তবে এটি সব ধরনের চাল নিয়ে নয়, বাসমতি চাল নিয়ে নতুন করে বিরোধে জড়িয়েছে এই দুই দেশ।

স্বাদে ও গন্ধে অতুলনীয় এই চাল দুই দেশেরই বিশেষ কিছু অঞ্চলেই শুধু উৎপন্ন হয়।

সম্প্রতি ভারতের পক্ষ থেকে বাসমতি চালকে ‘ভারতীয় পণ্য’ হিসেবে ঘোষণা দেওয়ার জন্য ইউরোপিয়ান ইউনিয়নের কাছে আবেদন করার পর এই বিরোধের সৃষ্টি হয়েছে।

ভারতের এই আবেদনে আপত্তি উঠেছে পাকিস্তানে। তারা বলছে, শুধু ভারতে নয়, এই একই চাল পাকিস্তানেও উৎপাদিত হয়। ফলে বাসমতি চালকে শুধু ভারতীয় পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া উচিত হবে না।

পাকিস্তানি ব্যবসায়ীরা বলছেন, এই চালকে শুধুমাত্র ভারতীয় পণ্য হিসেবে ঘোষণা করা হলে তারা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবেন। এজন্য ভারতীয় আবেদনের বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা নেওয়ার জন্য তারা পাকিস্তান সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

কিন্তু ভারতীয় কর্মকর্তারা বলছেন, ভারতের এই আবেদনে পাকিস্তানের উদ্বিগ্ন হওয়ার কোনও কারণ নেই। পাকিস্তান চাইলে ভারতের মতো তারাও এই পণ্যটিকে নিজেদের দাবি করে আবেদন করতে পারে।

ইউরোপিয়ান ইউনিয়ন বাসমতি চালের সবচেয়ে বড় আমদানিকারক এবং পাকিস্তান ও ভারত এই দুটো দেশই এই জোটের দেশগুলোর কাছে প্রচুর পরিমাণে বাসমতি চাল রফতানি করে থাকে।

কী আছে ভারতের আবেদনে?

ভারত সরকার সম্প্রতি এই বাসমতি চালের জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন

বা জিআই ট্যাগের জন্য ইউরোপিয়ান ইউনিয়নের কাছে আবেদন করেছে।

ইউরোপিয়ান ইউনিয়নের অফিসিয়াল জার্নালে ভারতের এই আবেদনটি প্রকাশিত হয়েছে ১১ সেপ্টেম্বর।

এই আবেদনে বলা হয়েছে, বাসমতি চাল ভারতীয় উপমহাদেশের একেবারে স্বতন্ত্র একটি চাল। আকারে এটি লম্বাটে। অনন্য স্বাদ ও সুগন্ধের কারণে সারা বিশ্বে ভারতীয় এই চালের সুখ্যাতি রয়েছে।

ভারত বলছে, হিমালয়ের পাদদেশীয় অঞ্চল, বিশেষত ইন্দো-গাঙ্গেয় অঞ্চলে বাসমতি চাল উৎপন্ন হয়।

ভারতে কৃষি গবেষণা ইন্সটিটিউটের প্রধান ড. অশোক কুমার সিং বলেছেন, সবচেয়ে ভাল মানের বাসমতি চাল উৎপাদিত হয় ভারতের যে সাতটি রাজ্যে সেগুলোকে ইতোমধ্যে জাতীয়ভাবে জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন বা জিআই দেওয়া হয়েছে।

“জম্মুর তিনটি জেলা, অরুণাচল, পাঞ্জাব, হরিয়ানা, দিল্লি, উত্তরাখণ্ড ও উত্তর প্রদেশের কিছু এলাকায় ভাল মানের বাসমতি উৎপন্ন চাল হয়। এসব রাজ্যকে ইতোমধ্যেই জিআই ট্যাগ দেওয়া হয়েছে। জাতীয়ভাবে এই ট্যাগ দেওয়ার পর সেটা আন্তর্জাতিক পর্যায়েও নিতে হয়। ভারত এখন সেটাই করেছে।”

পাকিস্তানের উদ্বেগ

পাকিস্তান মনে করে ভারতের এধরনের পদক্ষেপ নেওয়া একেবারেই উচিত হয়নি। কারণ এই চাল শুধু ভারতে নয়, পাকিস্তানেও উৎপাদিত হয়।

পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীর, বালুচিস্তান এবং পাঞ্জাবে উৎপাদিত বাসমতি চালের খ্যাতি রয়েছে ইউরোপের বাজারে।

ভারতীয় এই আবেদনের পর পাকিস্তানি ব্যবসায়ীদের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে যে দিল্লিকে এই ট্যাগ দেওয়া হলে ইউরোপিয়ান ইউনিয়নে পাকিস্তানের বাসমতি চাল রপ্তানির বাজারে বড় ধরনের ধস নামবে।

ব্যবসায়ীদের পক্ষ থেকে উদ্বেগ প্রকাশের পর পাকিস্তান সরকারও ভারতীয় আবেদনের জবাবে ইউরোপিয়ান ইউনিয়নের কাছে পাল্টা আবেদন করার সিদ্ধান্ত নিয়েছে।

এজন্য তারা সরকারের বিভিন্ন দপ্তর ও এই খাতের সঙ্গে বেসরকারি

পর্যায়ে যারা যারা জড়িত তাদের সঙ্গেও আলাপ আলোচনা শুরু করেছে।

পাকিস্তানি কর্মকর্তারা আশা করছেন যে ভারতের এই আবেদন শেষ পর্যন্ত ব্যর্থ হবে। তারা বলছেন, সফল কূটনীতির মাধ্যমে তারা দিল্লির এই পরিকল্পনা নস্যাৎ করে দেবেন।

কর্মকর্তারা জানিয়েছেন যে খুব শিগগিরই তারা ইউরোপিয়ান ইউনিয়নের কাছে ভারতীয় আবেদনের বিপরীতে পাল্টা আবেদন দায়ের করবেন।

পাকিস্তান কী ঠেকাতে পারবে?

ভারতের আবেদনের পর এবিষয়ে পাকিস্তান সরকার তৎপর হয়ে উঠেছে এবং তাদের পরবর্তী পদক্ষেপের ব্যাপারে সরকারি বেসরকারি বিভিন্ন পক্ষের সঙ্গে আলাপ আলোচনা শুরু করেছে।

পাকিস্তানি পার্লামেন্টের উচ্চ কক্ষ সেনেটের একটি প্যানেলও ভারতীয় আবেদন ঠেকানোর ব্যাপারে সক্রিয় হয়েছে।

সেনেট কমিটির চেয়ারম্যান মির্জা মোহাম্মদ আফ্রিদি বলেছেন, পাকিস্তানে জিআই আইনটি পাস হয়েছে এবছরের মার্চ মাসে কিন্তু ভারতে বহু আগেই সেটা করা হয়েছে।

“ভারত এথেকে সুবিধা নেওয়ার চেষ্টা করছে,” বলেন তিনি।

তিনি আশা করেন যে সরকারের গৃহীত উদ্যোগের ফলে ভারতের আবেদন ব্যর্থ হবে এবং তারাও “মেইড ইন পাকিস্তান” এই ট্যাগ লাগিয়ে বাসমতি চালের রফতানি অব্যাহত রাখতে পারবেন।

পাকিস্তানে ইন্টেলেকচুয়াল প্রপার্টি অর্গানাইজেশনের চেয়ারম্যান মুজিব খান বলেছেন, ২০০৬ সালের ইউরোপিয়ান ইউনিয়নের এক আইনে বাসমতি চাল ভারত ও পাকিস্তানের যৌথ পণ্য হিসেবে ইতোমধ্যেই উল্লেখ করা হয়েছে।

তিনি বলেন, ভারতীয় আবেদনের বিরোধিতা করতে পাকিস্তানের প্রস্তুতি চলছে এবং ইউরোপিয়ান কাউন্সিলে হেরে গেলেও তারা ইউরোপিয়ান কোর্ট অব জাস্টিসের কাছে নিয়ে যাবেন। সূত্র: বিবিসি বাংলা